দৈনিক সংবাদ

তারিখ 02 JAN 1998
পৃষ্ঠা ... কলাম ...

## শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থী ভর্তির হার ১১ বছরে ১০ ভাগ বেড়েছে

**□ বিশ্বব্যাংকের খসড়া রিপোর্ট**

শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থী ভর্তির মোট হার গত ১১ বছরে শতকরা ১০ ভাগের মতো বেড়েছে। প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তির হার প্রায় ৩০ বছর ধরে অবশ্য অপরিবর্তিত রয়েছে।

বিশ্বব্যাংকের 'বাংলাদেশ ঃ কান্ট্রি অ্যাসিস্টেন্স রিভিউ' শীর্ষক খসড়া প্রতিবেদনের বরাত দিয়ে বাসস গতকাল বৃহস্পতিবার জানিয়েছে যে, মোট শিক্ষার্থী ভর্তির হার ১৯৮৫ সালের ৫৫ শতাংশ থেকে বেড়ে ১৯৯৬ সালে প্রায় শতকরা ৬৫ ভাগে দাঁড়িয়েছে।

প্রতিবেদনে বলা হয়, মাধ্যমিক বিদ্যালয়গুলোতে মেয়েদের ভর্তির হার ১৯৮০ সালের শতকরা ২৮ ভাগ থেকে বেড়ে ১৯৯৩ সালে ৪২ শতাংশে দাঁড়িয়েছে।

সাক্ষরতা ও অনানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রমের আওতায় লাখ লাখ শিক্ষার্থী পড়াশোনা করছে। এই কার্যক্রমের ৭৫ ভাগই সম্ভব হয়েছে বেসরকারি সংস্থাগুলোর জন্য।